

এসএসসির ফল পুনঃনিরীক্ষায় ফেল থেকে পাস ১১৮৭ জন

নিজস্ব প্রতিবেদক

২৫ ডিসেম্বর ২০২২ ০১:১৪ পিএম | আপডেট: ২৫ ডিসেম্বর ২০২২

০১:৩১ পিএম



পুরোনো ছবি

advertisement

চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষায় ১ হাজার ১৮৭ পরীক্ষার্থী কৃতকার্য হয়েছেন, যারা আগের ফলাফলে অকৃতকার্য হয়েছিলেন। আর নতুন করে জিপিএ-৫ পেয়েছেন ৭৬৯ জন।

৯টি সাধারণ শিক্ষাবোর্ড, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের পুনর্নিরীক্ষণে ফলাফলে এই পরিবর্তন এসেছে। গতকাল শনিবার ওয়েবসাইটে ফল প্রকাশ করেছে বোর্ডগুলো।

advertisement

পুনঃনিরীক্ষার ফলাফলে দেখা যায়, ঢাকা শিক্ষা বোর্ডে ১০৯ জন, রাজশাহী বোর্ডে ৫৮ জন, দিনাজপুর বোর্ডে ৮৯ জন, ঘোষণা বোর্ডে ৪৩ জন, সিলেট বোর্ডে ৪১ জন, ময়মনসিংহ বোর্ডে ৩০ জন, চট্টগ্রাম বোর্ডে ৪৫ জন, কুমিল্লা বোর্ডে ১১৫ জন, বরিশাল ১৪ জন শিক্ষার্থী ফেল থেকে পাস করেছেন। এ ছাড়া মাদ্রাসা শিক্ষা বোর্ডে ২২৬ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডে ৪১৭ জন শিক্ষার্থী ফেল থেকে পাস করেছেন।

advertisement 4

নতুন করে জিপিএ-৫ পেয়েছেন ঢাকা শিক্ষা বোর্ডে ১০৯ জন, রাজশাহী বোর্ডে ৩৬ জন, দিনাজপুর বোর্ডে ৩৪ জন, ঘোষণা বোর্ডে ৬১ জন, সিলেট বোর্ডে ৩৮ জন, ময়মনসিংহ বোর্ডে ৬৯ জন, চট্টগ্রাম বোর্ডে ২৯ জন, কুমিল্লা বোর্ডে ৩৭ জন, বরিশাল বোর্ডে ৪১ জন পরীক্ষার্থী। এ ছাড়া মাদ্রাসা শিক্ষা বোর্ডে ৪১ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডে ২৭৪ জন পরীক্ষার্থী নতুন করে জিপিএ-৫ পেয়েছেন।

কাঞ্চিত ফল না পেয়ে সারা দেশের মোট ২ লাখ ৭৮ হাজার ৮৫৪টি খাতা পুনর্মূল্যায়নের আবেদন করেছিলেন শিক্ষার্থীরা।